



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

তারিখ: ৩ অক্টোবর ২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সমাবেশে

প্রধান অতিথি হয়ে আসছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

আজ ৩.১০.২০১৭ তারিখ সকাল ১১টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডি নগর কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ জানান যে, আগামী ১২ই অক্টোবর ২০১৭ বৃহস্পতিবার সকাল ১০টায় সমগ্র দেশ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত দুই সহস্রাধিক কলেজের অধ্যক্ষ ও আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'শিক্ষা নিয়ে গড়ব দেশ' স্লোগান নিয়ে এক শিক্ষা সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নীতি-নির্ধারণী ভাষণদান এবং একটি প্রকল্পসহ ১১টি স্থাপনার ভিত্তিপ্রস্তর স্থাপন/শুভ উদ্বোধন করবেন বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রকল্প ও স্থাপনগুলো হচ্ছে- মুক্তিযুদ্ধ বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট, 'স্বাধীনতা' ম্যুরাল ১৯৫২-১৯৭১, ১৪-তলা ডরমিটরি ভবন, ৭-তলা আইসিটি ভবন, ৬-তলা সিনেট ভবন, ১০-তলা কর্মকর্তা ভবন, ১০-তলা কর্মচারী ভবন, বরিশাল আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন), রংপুর আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন), চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন), এবং কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (CEDP)। একই সংবাদ সম্মেলনে ২০১৬ সালের জন্য কলেজ পারফরমেন্স র‍্যাংকিং-এর ফলাফল ঘোষণা করা হয়। সর্বোচ্চ স্কোরধারী ৭টি সেরা কলেজ (রাজশাহী কলেজ, সরকারি এডওয়ার্ড কলেজ, সরকারি কারমাইকেল কলেজ, সরকারি বিএম কলেজ, সরকারি আজিজুল হক কলেজ; ঢাকা কমার্স কলেজ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ)-কে অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে এ কলেজগুলো সম্মাননা সনদ ও পুরস্কার গ্রহণ করবেন। এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি। সংবাদ সম্মেলনে উপাচার্য আরো জানান যে, এ বছর ২১শে অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার রজতজয়ন্তী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে- ২১শে অক্টোবর সকাল ১০টায় অভিন্ন ব্যানারে দেশব্যাপি সকল কলেজে শিক্ষক-ছাত্র-কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে আনন্দ শোভাযাত্রা, ২৫শে অক্টোবর সকাল ১১টায় গাজীপুর ক্যাম্পাসে কেন্দ্রীয়ভাবে রজতজয়ন্তী অনুষ্ঠানের শুভ উদ্বোধন ও ক্যাম্পাস সংলগ্ন সড়কে আনন্দ শোভাযাত্রা এবং ২৬শে অক্টোবর সকাল ১০টায় প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা, স্মৃতিচারণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। দুদিনের এ অনুষ্ঠানে যথাক্রমে জনাব আ ক ম মোজাম্মেল হক এমপি, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। প্রতিষ্ঠাবার্ষিকী বক্তা হিসেবে উপস্থিত ও বক্তব্য রাখবেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী।

সংবাদ সম্মেলনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য ড. হাফিজ মুহাম্মদ হাসান বাবু, প্রো-উপাচার্য ড. মোঃ মশিউর রহমান ও কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ নোমান উর রশীদ উপস্থিত ছিলেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়